



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জগন্নাথ ইউনিভার্সিটি ফিল্মক্লাব এর উদ্বোধন



৫ নভেম্বর, ২০১৯-মঙ্গলবার বেলা ১২ ঘটিকায় `Film for Participation` স্লোগানকে সামনে রেখে জগন্নাথ ইউনিভার্সিটি ফিল্মক্লাব (JnUFC) এর শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের বিশেষ অতিথি চলচ্চিত্র ব্যক্তিত্ব জনাব মসিউদ্দিন সাকের। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক জুনায়েদ আহমদ হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ ইউনিভার্সিটি ফিল্মক্লাবের সভাপতি ওয়ায়েজ কুরুনি। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আজ থেকে আগামী ৭ নভেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত ৩ দিন ব্যাপী জগন্নাথ ইউনিভার্সিটি ফিল্মক্লাবের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে চলচ্চিত্র প্রদর্শনী চলবে।